**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 16.06.2026** **Desk in Charge: K.L.**

**Time: 1.30 PM** **Edit. & Compile : Jayanta S.**

**DEO: KB** **NRT : Surita Saha**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১/ জি-সেভেন শিখর সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফ্রান্সের এভিয় পৌঁছাবেন।

২/ ওমান উপকূলে মর্মান্তিক সামুদ্রিক দুর্ঘটনার পর, ২১ জন ভারতীয় নাবিক নিরাপদে দেশে ফিরে এসেছেন।

৩/ রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের সম্প্রসারণ, অস্থায়ী সদস্যদের মধ্যেই সীমাবদ্ধ থাকলে, প্রকৃত সংস্কারের প্রচেষ্টা ব্যর্থ হবে বলে জানিয়েছে ভারত।

৪/ সরকার, ডিজেল ও বিমানের জ্বালানি ATF -এর রপ্তানির ওপরে বিশেষ অতিরিক্ত উৎপাদন শুল্ক বৃদ্ধি করেছে।

৫/ মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ জার্সি স্টেডিয়ামে ফিফা বিশ্বকাপ ফুটবলে, আজ ফ্রান্স, সেনেগালের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে বারোটায়।

*************************************************************

জি-সেভেন শিখর সম্মেলনে যোগ দিতে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী আজ ফ্রান্সের এভিয় পৌঁছাবে। জি-সেভেন শিখর সম্মেলন গতকালই শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শ্লোভাকিয়া সফর শেষে ফ্রান্সের উদ্দেশে রওনা দিয়েছেন। এটি তাঁর টানা সপ্তম বারের জন্য সম্মেলনে  অংশগ্রহণ। ভারতের কাছে এবারের শিখর সম্মেলন কৌশলগত দিক দিয়ে অতন্ত্য গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী এবারের বিশ্ব মঞ্চে উন্নয়নশীল বিশ্বের কন্ঠস্বর এবং উদ্বেগ তুলে ধরবেন বলে মনে করা হচ্ছে। ফ্রান্সের রাষ্ট্রপতি এমান্যুয়েল ম্যাক্রোর আজ সন্ধ্যেয় আনুষ্ঠানিক ভাবে নরেন্দ্র মোদীকে স্বাগত জানাবেন। এবারের অধিবেশনে জি ৭ গোষ্ঠী ভুক্ত দেশগুলি ছাড়াও অন্যান্য সহযোগী দেশের নেতৃবৃন্দ, বিশ্ব ব্যাঙ্ক, আফ্রিকিয় উন্নয়ন ব্যাঙ্কের প্রতিনিধিরাও অংশ নেবেন।

শীর্ষ সম্মেলনের পাশাপাশি প্রধানমন্ত্রীর কর্মসূচিতে একাধিক গুরুত্বপূরণ বিষয় আছহে। তাঁর মধ্যে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, ব্রিটেনের প্রধান মন্ত্রী কিয়ের স্টারমার্ক, সৌদি আরবের প্রধানমন্ত্রী শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক হওয়ার কথা। আগামীকাল প্রধান মন্ত্রী  নরেন্দ্র মোদী ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক গুরুত্বপূর্ণ বৈঠকে বিভিন্ন ক্ষেত্রে তাদের সম্পর্ক জোরদার করতে মত বিনিময় করবেন।

***********************************

বিদেশমন্ত্রকের পশ্চিমাঞ্চলীয় সচিব সি বি জর্জ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্লোভাকিয়া সফর, সেদেশের সঙ্গে ভারতের অংশীদারীত্বে এক গুরুত্বপূর্ণ মাইলফলক। স্লোভাকিয়ার রাজধানী ব্রাতিস্লাভায় এক সাংবাদিক সম্মেলনে  তিনি বলেন, প্রধানমন্ত্রীর সফরকালে স্বাক্ষরিত হওয়া মৌ চুক্তিগুলি, প্রতিরক্ষা উৎপাদন, বিশেষজ্ঞ বিনিময়, বাণিজ্য ও বিনিয়োগ সহ অন্য বহু ক্ষেত্রে সহযোগিতা আরো জোরদার হবে। তিনি বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলায় সহযোগিতা বাড়াতে দুই দেশ যৌথ কার্যনির্বাহী গোষ্ঠী গড়ে তুলতে সহমত হয়েছে। রাষ্ট্রসঙ্ঘ নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী প্রতিনিধিত্বের জন্য স্লোভাকিয়া সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেছে বলে তিনি উল্লেখ করেন।

***********************************

ওমান উপকূলে ঘটা মর্মান্তিক সামুদ্রিক দুর্ঘটনার পর এম।টি সেত্তেবেলো জাহাজে ২১ জন ভারতীয় নাবিক নিরাপদে দেশে ফিরে এসেছেন। ওমানের মাস্কাটে অবস্থিত ভারতীয় দূতাবাস আজ জানিয়েছে, উদ্ধার হওয়া নাবিকদের সাথে দেশে ফেরার আগে রাষ্ট্রদূত তাদের সাথে কথা বলেন ও তাদের শুভেচ্ছা জানান। এই কঠিন পরিস্থিতির মধ্যেও ভারতীয় নাবিকদের মানসিক শক্তির প্রশংশা করা হয়েছে।

উল্লেখ্য, পালাউ-র এর কাছে পতাকাবাহী জাহাজ এম।টি সেত্তেবেলো ওমানের সোহর উপকূল থেকে প্রায় ৩০ নটিক্যাল মাইল দূরে থাকার সময় আক্রান্ত হয়। এই মর্মান্তিক ঘটনায় ৩ নাবিক প্রাণ হারান।

***********************************

ভারত সতর্ক করে দিয়ে বলেছে, নিরাপত্তা পরিষদের সম্প্রসারণ অস্থায়ী সদস্যপদের মধ্যেই সীমাবদ্ধ থাকলে, প্রকৃত সংস্কারের প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাবে। রাষ্ট্রসঙ্ঘে ভারতের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত হরিশ পর্বতানেনি নিরাপত্তা পরিষদের সংস্কার বিষয়ক আন্তঃসরকারি আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে বলেন, নিরাপত্তা পরিষদের স্থায়ী পাঁচটি সদস্য দেশের সিদ্ধান্ত গ্রহণের পরিকাঠামোয় পরিবর্তন জরুরী। নিরাপত্তা পরিষদের সম্প্রসারণ পদ্ধতি শুধুমাত্র অস্থায়ী সদস্যদের মধ্যে সীমাবদ্ধ থাকলে পরিস্থিতির বিশেষ কোন পরিবর্তন হবে না।
হরিশ পর্বতানেনি বলেন, ভারত বরাবরই নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পদের পরিবর্তন আনার কথা বলেছে। ভেটো ক্ষমতা কেবলমাত্র পাঁচটি স্থায়ী সদস্য চীন, মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, ব্রিটেন এবং ফ্রান্সের মধ্যে সীমাবদ্ধ থাকলে পরিবর্তিত বিশ্ব পরিস্থিতিতে অর্থবহ হয়ে উঠবে না।

( বাইট- )

***********************************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি জানিয়েছে NEET UG-র আসন্ন পুনরায় পরীক্ষার জন্য অ্যাডমিট কার্ড ডাউনলোডের সুবিধা চালু হওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই ১০ লক্ষেরও বেশি

পরীক্ষার্থী তাদের অ্যাডমিট কার্ড ডাউনলোড করেছেন। সংস্থাটি জানিয়েছে, পরীক্ষার্থীদের প্রবেশে যাতে কোনো সমস্যা না হয় সেজন্য তারা লাগাতার সার্ভারের ওপর তীক্ষ্ণ নজর রাখছে। সংস্থাটি নিশ্চিত করে জানিয়েছে, পরীক্ষার আগেই সকল পরীক্ষার্থী তাদের অ্যাডমিট কার্ড পেয়ে যাবেন।

**********************************

মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগোতে ভারতের কনস্যুলেট জেনারেল কার্যালয়ে স্বামী বিবেকানন্দের পূর্ণাঙ্গ মূর্তি উন্মোচন করেছেন ভারতের রাষ্ট্রদূত বিনয় মোহন কোয়াত্রা। সোশ্যাল মিডিয়ায় তিনি জানান, স্বামী বিবেকানন্দের সেবা ও সম্প্রীতির বার্তা আজও সমান প্রাসঙ্গিক। ১৮৯৩ সালে শিকাগোতে বিশ্ব ধর্ম মহাসভায় স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক ভাষণ, তাঁকে আন্তর্জাতিক ক্ষেত্রে বিশেষ পরিচিতি এনে দেয়।

উল্লেখ্য, চলতি বছরের এপ্রিল মাসে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনের সিয়াটল শহরেও স্বামী বিবেকানন্দের প্রথম পূর্ণাঙ্গ ব্রোঞ্জ মূর্তি উন্মোচন করা হয়েছিল।

**********************************

**আজকের প্রসঙ্গে** এবারের বিষয় ' পশ্চিমবঙ্গে কোথায় গেলে পাবেন আয়ুর্বেদ চিকিৎসা'। আয়ুর্বেদ কনসালটেন্ট এবং অখিল ভারতীয় আয়ুর্বেদ মহাসম্মেলনের রাজ্য সভাপতি ডাঃ সুমিত সুরের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ বিভাগের এই অনুষ্ঠানটি শুনতে পাবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

**********************************

সরকার, ডিজেল ও বিমানের জ্বালানি ATF এর রপ্তানির ওপরে বিশেষ অতিরিক্ত উৎপাদন শুল্ক SAED বৃদ্ধি করেছে। আজ থেকেই তা কার্যকর হয়েছে।

এর ফলে ডিজেলের লিটার পিছু রপ্তানি শুল্ক ১৩ টাকা ৫ পয়সা থেকে বেড়ে হয়েছে ১৪ টাকা। অন্যদিকে ATF এররপ্তানি মূল্য প্রতি লিটারে ৯ টাকা ৫ পয়সা থেকে বরিদ্ধি পেয়ে

১২ টাকা ৫ পয়সা হয়েছে। পেট্রোলের ক্ষেত্রে অবশ্য রপ্তানি শুল্ক, লিটার পিছু ১ টাকা ৫ পয়সায় অপরিবর্তিত থাকছে।

উল্লেখ্য, পশ্চিম এশিয়া্য চলতি সংকটের প্রেক্ষিতে কেন্দ্র, দেশে পেট্রো পণ্যের পর্যাপ্ত যোগান সুনিশ্চিত রাখতে ক্রমাগত বিভিন্ন চেষ্টা চালিয়ে যাচ্ছে। তারই মধ্যে এই রপ্তানি শুল্ক বৃদ্ধি করা হল। বিদেশে রপ্তানি নিরুৎসাহিত করা এবং অভ্যন্তরীণ বাজারে সরবরাহ কে অগ্রাধিকার দিতে, গত ২৭ শে মার্চ সরকার পেট্রো পণ্যের ওপরে রপ্তানি শুল্ক আরোপ করে।

***********************************

E-20 জ্বালানি নিয়ে সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়া একটি সংবাদ পি আই বি

-র ফ্যাক্ট চেক ইউনিট নাকচ করে দিয়েছে। সংবাদে দাবী করা হয়েছিলো E20 জ্বালানি ব্যবহারের ফলে গাড়ির বীমার দাবী বাতিল হতে পারে। প্রেস ইনফরমেশন ব্যুরো এই দাবীটি মিথ্যে। E20 জ্বালানি ব্যবহার করলেও গাড়ির বীমা পলিসি বৈধ থাকবে।

***********************************

কেনিয়ার প্রেসিডেন্ট উইলিয়াম রুতো বলেছেন, প্রতিবাদ বিক্ষোভ সংঘটিত করার সময়ে মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় প্রায় ২ হাজার জনকে ক্ষতিপূরণ দেওয়া হবে। বিচার বিভাগীয় ব্যবস্থার বাইরে সেদেশে এই ধরনের পদক্ষেপ এই প্রথম। মোট ১ কোটি ৫০ লক্ষ মার্কিন ডলার ক্ষতিপূরণ দেওয়া হবে।

উল্লেখ্য পূর্ব আফ্রিকার এই দেশে কর বৃদ্ধির বিরুদ্ধে সরকার বিরোধী প্রতিবাদ আন্দোলনের সময়ে কয়েকশো মানুষ হতাহত হয়েছেন। ব্যবসায়িক ক্ষতির পরিমাণও অনেকটাই। প্রেসিডেন্ট রুতো অবশ্য বলেছেন, এই ক্ষতিপূরণ জীবনের মূল্য বাবদ নয়, যে ক্ষতি অথবা যন্ত্রনা ভোগ করতে হয়েছে, তা উপশম করার লক্ষ্যেই এই পদক্ষেপ।

***********************************

অযোধ্যার রাম মন্দিরে অনুদান ও মূল্যবান সামগ্রী আত্মসাতের অভিযোগের তদন্ত শুরু করেছে রাজ্য সরকারের গঠিত বিশেষ তদন্তকারী দল (SIT)। লখনউয়ের ডিভিশনাল কমিশনার বিজয় বিশ্বাস পন্তের নেতৃত্বে গঠিত এই দলে রয়েছেন আইজি কিরণ এস এবং অর্থ দপ্তরের বিশেষ সচিব নীল রতন।

তদন্তকারী দল অযোধ্যায় পৌঁছে কাজ শুরু করেছে। সাত দিনের মধ্যে প্রাথমিক এবং ১৫ দিনের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে হবে। রাম মন্দির নির্মাণ কমিটির চেয়ারম্যান নৃপেন্দ্র মিশ্র জানিয়েছেন, তদন্তে প্রয়োজনীয় সবরকম সহযোগিতা করা হবে।

*********************************

এবার বিশ্বকাপের খবরঃ-

মার্কিন যুক্তরাষ্ট্রের নিউ জার্সি স্টেডিয়ামে ফিফা বিশ্বকাপ ফুটবলে, আজ ফ্রান্স, সেনেগালের মুখোমুখি হবে । খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে বারোটায়। একই গ্রুপে বোস্টন স্টেডিয়ামে ভোর রাত সাড়ে তিনটেয় নরওয়ের বিরুদ্ধে খেলবে ইরাক।

এদিকে, ফিফা ফুটবল বিশ্বকাপে, লস অ্যাঞ্জেলসে গ্রুপ জি-র ম্যাচে নিউজিল্যান্ড আজ ইরানের সঙ্গে ২-২ গোলে ড্র করেছে। ১৬ বছর পর বিশ্বকাপে ফেরা ম্যাচে দুই দফায় এগিয়ে গিয়েছিল নিউজিল্যান্ড। দুবারই সমতা ফিরিয়েছে ইরান।

আজ ভোর রাতে মিয়ামি স্টেডিয়ামে, গ্রুপ এইচ-এর ম্যাচে সৌদি আরব, উরুগুয়ের ম্যাচ ১-১ গোলে অমিমাংসীতভাবে শেষ হয়েছে।

সিয়াটেল স্টেডিয়ামে, গতরাতে গ্রুপ জি-র ম্যাচে বেলজিয়াম, মিশরের মধ্যে ম্যাচটিও ১-১ গোলে ড্র হয়েছে।

অন্যদিকে আটলান্টা স্টেডিয়ামে গ্রুপ এইচ-এর ম্যাচে গতরাতে স্পেন, কাবো ভার্দের ম্যাচটি গোলশূন্য ড্র হয়।

*********************************

নিউজিল্যান্ডের অকল্যান্ডে অনুষ্ঠিত মহিলাদের FIH হকি নেশন কাপে ভারত সেমিফাইনালে উঠেছে। পুল-এ তে ভারত জাপানকে ২-১ গোলে পরাজিত করে। ভারতেরপক্ষে অধিনায়ক সালিমা টেটে, লালরেম সিয়ামি। অন্যদিকে জাপানের হয়ে একটি মাত্র গোল করেন হিরামিৎসু আই। পুলের শেষ ম্যাচে ভারত বৃহস্পতিবার উরুগুয়ের মুখোমুখি হবে। অন্যদিকে পুল এ থেকে দ্বিতীয় সেমিফাইনালের স্থান নির্ধারণের জন্য জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্র প্রতিদ্বন্দ্বিতা করবে।

অন্যদিকে পুরুষদের হকিতে ভারত জার্মানির মুখোমুখি হবে। এর আগে ভারত প্রথম ম্যাচে নেদারল্যান্ডের কাছে ২-৩ ব্যবধানে হেরে যায়।

*******************************************************************